



চেক- আপ.. (বছর শুরু ছড়া)

রণদীপম বসু

মাথাটা সুস্থ কি ? নিশ্চিত ভাবনায় -
 বৈশাখে চলো যাই ঘুরে আসি পাবনায়।
 বিল ঝিল মাছ দই মন্ডাটা নামী তার
 যতো পারো ডুবে খাও
 নিয়ে যাবে ? হবে তাও
 সাথে শুধু নিতে হবে ইয়া এক দামী 'কার'।

তবে ভাই যাই বলো, কেন নাম ডাক তার
 জানো কি ?
 আছে নাকি ওখানেই বড় বড় ডাক্তার।
 তাও এরা যে- সে নয়,
 মুখ দেখে চিনে লয়
 ক'টা তার ছিঁড়ে গেছে, ক'টা ঠিকঠাক তার

অতএব;
রোগীটার দরকার কতটুকু ধাক্কার।

পথে ঘাটে হাঁটি কতো আদমের চেহায়ায়
কে- যে কোন্ ধান্দায়! কে হারে, কে হারায়
জানো কি ?
যাকে জানো সুস্থ
ভেতরে কী পোষতো
জানো কি ?
মাথাটার হাড়িটায় টোকা দিয়ে দেখো না!
জোড়াজোড়া আছে ঠিক ? সন্দেহ রেখো না।

তার চেয়ে চলো যাই ঘুরে আসি পাবনা
যার যতো ব্যাক- আপ
করে আসি চেক- আপ
বছরটা ভালো যাক তা কি কেউ চাব না ?